# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (ক) মহান স্রষ্টা বিষয়ক জাল হাদীস [স্রষ্টা, সৃষ্টি ও পূর্ববর্তী নবীগণ ]

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. কিয়ামতে আল্লাহ মানুষদেরকে মায়ের নামে ডাকবেন

আরেকটি বানোয়াট ও মিথ্যা কথা হলো: কিয়ামতের দিন আল্লাহ মানুষদেরকে মায়ের নামে ডাকবেন। এ বাক্যটি একদিকে বানোয়াট বাতিল কথা, অপরদিকে সহীহ হাদীসের বিপরীত। ইমাম বুখারী ও অন্যান্য মুহাদ্দিস সংকলিত বিভিন্ন সহীহ হাদীসে উল্লেখ করা হয়েছে যে, কিয়ামতের দিন মানুষদের পরিচয় পিতার নামের সাথে প্রদান করা হবে। বলা হবে, অমুক, পিতা অমুক বা অমুক ব্যক্তির পুত্র অমুক।[1]

ফুটনোট

[1] ইবনু ‘আদী, আল কামিল ১/৫৫৮-৫৫৯; ইবনু হিব্বান, আল-মাজরুহীন ১/১৩৭-১৩৮; ইবনুল জাওযী, আল-মাউযূআত ২/৪২০; যাহাবী, তারতীবুল মাউযূআত, পৃ: ৩১০; ইবনুল কাইয়িম, আল-মানারুল মুনীফ, পৃ: ১৩৯; সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ১৩৯; সুয়ূতী, আল-লাআলী ২/৪৪৯; আন-নুকাতুল বাদী‘আত, পৃ: ২৬০; ইবনু আর্রাক, তানযীহ ২/৩৮১, যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ: ৭৬; আলবানী, যায়ীফাহ ১/৬২১-৬২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন